বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(পত্রবিনিময় শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি-৪৫ জি, তারিখঃ ২৪/০১/২০১৮ খ্রি.

**বিষয়ঃ ল্যাপটপ কম্পিউটার বিতরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিচার বিভাগের ডিজিটাইজেশনের লক্ষ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্টের উদ্যোগে বিচার বিভাগীয় কর্মকর্তাদের মাঝে জেনুইন Windows 10 Pro অপারেটিং সিস্টেমসহ HP 240G6 মডেলের ল্যাপটপ কম্পিউটার বিতরণের প্রক্রিয়া শুরু হয়েছে। ইতোমধ্যে সারাদেশের আদালত/সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানসমূহ হতে ল্যাপটপ কম্পিউটারের চাহিদাপত্র পাওয়া গিয়েছে। প্রাপ্ত চাহিদাপত্র যাচাই-বাছাই অন্তে প্রতিটি চাহিদাপত্রের বিপরীতে অনুমোদিত সংখ্যক ল্যাপটপ কম্পিউটার চালানপত্রসহ অত্র কোর্ট হতে এস.এ পরিবহন পার্সেল এন্ড কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে সংশ্লিষ্ট আদালত/প্রতিষ্ঠানের অফিস প্রধান বরাবর প্রেরণ করা হবে (ঢাকা জেলা ও ঢাকা মহানগরে অবস্থিত আদালত/প্রতিষ্ঠান ব্যতিত)।

০২। ঢাকা জেলা/মহানগরে অবস্থিত আদালত/প্রতিষ্ঠানে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাদের জন্য নির্ধারিত ল্যাপটপ অত্র কোর্ট হতে গ্রহণ করার উদ্দেশ্যে সংশ্লিষ্ট অফিস প্রধান অথবা তৎকর্তৃক মনোনীত বিচার বিভাগীয় কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে ক্ষমতাপত্রসহ আগামী ২৮/০১/২০১৮ খ্রি. তারিখ রোজ রবিবার বিকাল ৫:০০ ঘটিকায় অত্র কোর্টের মূল ভবনে অবস্থিত কনফারেন্স রুমে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। ল্যাপটপ কম্পিউটার গ্রহণ করার পর প্রত্যেক বিচার বিভাগীয় কর্মকর্তাকে সংযুক্ত নির্দেশিকা আবশ্যিকভাবে অনুসরণ করতঃ সংযুক্ত প্রাপ্তি স্বীকারপত্র পূরণ ও স্বাক্ষরপূর্বক নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মাধ্যমে অত্র কোর্টে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। জেলা জজ/সমপর্যায়ের কর্মকর্তা এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণকে সংযুক্ত নির্দেশিকা আবশ্যিকভাবে অনুসরণ করতঃ সংযুক্ত প্রাপ্তি স্বীকারপত্র পূরণ ও স্বাক্ষর করতঃ অত্র কোর্টে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ১। অনুসরণীয় নির্দেশিকা।
২। প্রাপ্তি স্বীকারপত্র।

**স্বাঃ/-**

(মোহাম্মদ নজরুল ইসলাম)
অতিরিক্ত রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ৯৫৬১৪০১ (অফিস)।

স্মারক নং-২বি/২০১৬-৮৪০ জি, তারিখঃ ২৪/০১/২০১৮ খ্রি.

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ.......................................(সকল)।
৩। মহানগর দায়রা জজ.......................................(সকল)।
৪। যুগ্ম-সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর , ঢাকা।
৫। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৬। যুগ্ম-সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৮। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,...........................(সকল)।

৯। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১০। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১১। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
১২। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৩। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
১৪। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৫। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৬। বিভাগীয় বিশেষ জজ..............................................................(সকল)।
১৭। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,...........................(সকল)।
১৮। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল.................................(সকল)।
১৯। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল........................................................(সকল)।
২০। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ৪৩, আঞ্জুমান মফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা।
২১। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত............................................(সকল)।
২২। স্পেশাল জজ (জেলা জজ),.........................................................(সকল)।
২৩। সদস্য (জেলা জজ), কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,................................(সকল)।
২৪। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, মহানগর দায়রা জজ আদালত ভবন (৬ষ্ঠ তলা), ঢাকা।
২৫। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, ২২/১, তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
২৬। বিচারক (জেলা জজ),স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ভবন (১০ম তলা), ২২, পুরানা পল্টন, ঢাকা।
২৭। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৮। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৯। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউজ, চট্টগ্রাম।
৩০। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,.............................................(সকল)।
৩১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,.............................................(সকল)।
৩২। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় (পিএসসি), আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩৪। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, গুলফেঁশা প্লাজা, ১২৮, শহীদ সেলিনা পারভীন সড়ক,মগবাজার, ঢাকা।
৩৫। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ফুলবাড়ীয়া, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৩৭। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩৮। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৩৯। আইন কর্মকর্তা (অতিরিক্ত জেলা জজ), তথ্য মন্ত্রণালয় (আইন শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪১। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪২। রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৩। অফিস কপি/গার্ড ফাইল।

Aktaruzzaman
24.01.18

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬ (অফিস)
ই-মেইল: aktar.dr@supremecourt.gov.bd

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
www.supremecourt.gov.bd

## বাংলাদেশ সুপ্রীম কোর্ট হতে বিচার বিভাগীয় কর্মকর্তাদের মধ্যে জেনুইন Windows 10 Pro অপারেটিং সিস্টেমসহ HP 240G6 মডেলের ল্যাপটপ বিতরণ সংক্রান্ত নির্দেশিকাঃ

১। অফিস প্রধান চালান পত্রমূলে ল্যাপটপ/ল্যাপটপসমূহ বুঝে পাওয়ার ৩ (তিন) কার্যদিবসের মধ্যে তাঁর নিয়ন্ত্রণাধীন বিচার বিভাগীয় কর্মকর্তাদের মধ্যে সেগুলো বিতরণ করবেন। কোন বিচার বিভাগীয় কর্মকর্তার নামে কত সিরিয়াল নম্বর যুক্ত ল্যাপটপ বরাদ্দ দেওয়া হয়েছে তা' চালান পত্রে উল্লেখ আছে। **কোনো অবস্থাতেই কোনো বিচার বিভাগীয় কর্মকর্তার নামের বিপরীতে যে সিরিয়ালের ল্যাপটপ বরাদ্দ দেওয়া হয়েছে, সেই সিরিয়ালের বাইরের কোনো ল্যাপটপ প্রদান করা যাবে না।** অফিস প্রধান বিষয়টি নিশ্চিত করবেন।

২। প্রত্যেক বিচার বিভাগীয় কর্মকর্তা তাঁর নামে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ হতে বরাদ্দকৃত নির্দিষ্ট সিরিয়ালের ল্যাপটপটি বুঝে পেয়ে তাৎক্ষণিকভাবে সংযুক্ত প্রাপ্তি স্বীকার ফরম যথাযথভাবে পূরণ করতঃ উহাতে স্বাক্ষরপূর্বক অফিস প্রধানের নিকট জমা দিবেন। অফিস প্রধান উক্ত প্রাপ্তি স্বীকার ফরমসমূহ চালান পত্রমূলে ল্যাপটপ/ল্যাপটপসমূহ বুঝে পাওয়ার ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে হাইকোর্ট বিভাগে প্রেরণ করবেন। কোনো কারণে কোনো ল্যাপটপ কোনো বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণ করা সম্ভব না হলে অফিস প্রধান তা দুই সপ্তাহের মধ্যে হাইকোর্ট বিভাগে প্রেরণ করবেন।

৩। যে সকল আদালত/প্রতিষ্ঠানে মাত্র একজন বিচার বিভাগীয় কর্মকর্তা কর্মরত তাঁকেও ল্যাপটপের প্রাপ্তি স্বীকার পত্র একইভাবে হাইকোর্ট বিভাগে প্রেরণ করতে হবে।

৪। কোনো প্রকার অস্পষ্টতা থাকলে জনাব মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া, ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার), (যুগ্ম জেলা জজ) হাইকোর্ট বিভাগ অথবা জনাব মোঃ শামীম সুফী, গবেষণা ও তথ্য কর্মকর্তা (সিনিয়র সহকারী জজ), আপীল বিভাগ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

ফরমঃ ল্যাপটপ-০৩

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

## ল্যাপটপ কম্পিউটার এর প্রাপ্তি স্বীকার পত্র

| | | | |
|---|---|---|---|
| প্রাপ্তি স্বীকার পত্রের ক্রমিক নং (হাইকোর্ট বিভাগ কর্তৃক পূরণীয়) | | তারিখ (হাইকোর্ট বিভাগ কর্তৃক পূরণীয়) | |

| | | | |
|---|---|---|---|
| বিচার বিভাগীয় কর্মকর্তার নাম | | | |
| পদবী ও কর্মস্থল | | | |
| ২০১৫ সালের গ্রেডেশন তালিকার ক্রমিক নং | | ৯ম বিজেএস পরীক্ষার মেধাক্রম | |
| চালানপত্র অনুসারে ল্যাপটপের সিরিয়াল নম্বর | | | |

আমি সম্পূর্ণ ভাল অবস্থায় ল্যাপটপ ব্যাগসহ Preloaded Genuine Windows 10 Pro অপারেটিং সিস্টেম সম্বলিত HP 240 G6 মডেলের উপরি-উক্ত সিরিয়ালের ল্যাপটপটি বুঝে পেলাম।

| | |
|---|---|
| বিচার বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর | |
| তারিখ | |
| মোবাইল ফোন নং | |
| ই-মেইল এ্যাড্রেস | |